গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া।

স্মারক নং-৩৪.০১.৫০০০.০০০.৩৮.০১৬(অংশ-১).২৫-৮৯৩ তারিখ ঃ ০২/১২/২০২৫খ্রি.

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে শোভন কর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে আগ্রহী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম অত্র কার্যালয়ের স্ব-স্ব প্রশিক্ষণ ট্রেড থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্সের মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা | এককালীন কোর্স ফি | মৌখিক পরীক্ষার তারিখ | ভর্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন(অনাবাসিক) আসন সংখ্যা=৬০ | ০৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৬) | এইচ.এস.সি. বা সমমানের পাশ | ১,০০০/= | ৩০/১২/২৫ | ৩১/১২/২৫ |
| ০২। | ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৬) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ৩০/১২/২৫ | ৩১/১২/২৫ |
| ০৩। | ইলেকট্রনিক্স (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৬) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ৩০/১২/২৫ | ৩১/১২/২৫ |
| ০৪। | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক) আসন সংখ্যা=৩০ | ০৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৬) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৩০০/= | ৩০/১২/২৫ | ৩১/১২/২৫ |
| ০৫। | পোশাক তৈরী (অনাবাসিক) আসন সংখ্যা=২৫ | ০৩ মাস(০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৫) | অষ্টম শ্রেণী/ সমমানের পাশ | ৫০/= | ৩১/১২/২৫ | ০১/০১/২৬ |
| ০৬। | মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক) আসন সংখ্যা=২৫ | ০৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫) | এইচ.এস.সি. বা সমমানের পাশ | ৫০০/= | ৩১/১২/২৫ | ০১/০১/২৬ |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ০১ হতে ০৪ নং ক্রমিকের কোর্সের আবেদন জমা দেয়ার শেষ তারিখ **২৯ ডিসেম্বর**, ২০২৫খ্রি. ও ০৫ হতে ০৬ নং ক্রমিকের কোর্সের আবেদন জমা দেয়ার শেষ তারিখ **৩০ ডিসেম্বর**, ২০২৫খ্রি.। **প্রশিক্ষণ শুরু ০১ জানুয়ারি**, ২০২৬খ্রি.। খ) বর্ণিত কোর্স/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়। ঙ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/জেলা কার্যালয়ে আবেদন দাখিল করতে পারবে। চ) আবদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি জমা দিতে হবে। (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের কপির সংগে উপরোক্ত কাগজপত্রের ফটোকপিসহ ০১সেট নির্ধারিত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে। ছ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০:০০ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ.ডি.এ. দেয়া হবে না। জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ঝ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে। ঞ) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে, খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হতে হবে, গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে, ঘ) প্রশিক্ষকালীন সময়ে সরকার ঘোষিত সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে, ঙ) তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইনে/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে, চ) প্রশিক্ষণার্থীগণ ০১নং ক্রমিকে বর্ণিত কোর্সে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি বিধিমোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন, ছ) ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

যোগাযোগঃ

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্ত, কুষ্টিয়া।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (নিজ উপজেলা)।

02/12/202

(মোঃ জানুর রহমান)
উপপরিচালক(অ:দা:)
যুব উন্নয়ন অধিদপ্তর, কুষ্টিয়া

CS CamScanner